দামুড়হুদার জয়রামপুর রেলস্টেশনে গণস্বাক্ষর অনুলিপি প্রদান

দামুড়হুদা থানার একমাত্র রেল স্টেশন জয়রামপুর রেল স্টেশন। এক কথায় বলা যায় চুয়াডাঙ্গার ঐতিহ্যবাহী রেলস্টেশন জয়রামপুর রেল স্টেশন। নকশী কাঁথা ২৫ এবং নকশি কাঁথা ২৬ ট্রেনটি খুলনা থেকে পদ্মা সেতু হয়ে সরাসরি ঢাকার উদ্দেশ্যে নতুন যাত্রা শুরু করতে যাচ্ছে। এই নতুন রোডম্যাপে জয়রামপুর রেলস্টেশনে যাত্রা বিরতি তালিকা ভুক্ত না হওয়ায় এখানে যাত্রা বিরতি বন্ধ করা হয়েছে। জয়রামপুর রেল স্টেশনে নকশি কাথা ২৫ এবং ২৬ ট্রেনের যাত্রা বিরতি পুনর বহাল রাখার জন্য জয়রামপুর সহ আশেপাশে গ্রামের মানুষের গণস্বাক্ষর সহ অনুলিপি প্রদান করা হয় বিভাগীয় রেল ব্যবস্থাপক এর কার্যালয় পাকশী।

বিভাগীয় রেল ব্যবস্থাপক বলেন, জয়রামপুর রেল স্টেশন একটি কৃষি উদ্ভাসিত এলাকা এখানে প্রচুর পরিমাণ সবজি উৎপাদন হয় যা ট্রেনের মাধ্যমে দেশে বিভিন্ন স্থানে যায়। এ বিষয়ে আমাদেরকে অনেক আগেই অবগত করা হয়েছে, আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করছি জয়রামপুর রেলস্টেশনে নকশী কাঁথা ২৫ এবং নকশী কাঁথা ২৬ ট্রেনটির যাত্রা বিরতি দেওয়ার জন্য।

এ বিষয়ে হাউলি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকনের কাছে জানতে চাইলে তিনি বলেন, জয়রামপুর স্টেশনে যদি নকশি কাথা ২৫ এবং নকশি কাথা ২৬ ট্রেনটি যাত্রা বিরতি না করে তাহলে কৃষির ওপরে বড় ধরনের প্রভাব পড়বে এতে কৃষক ক্ষতির সম্মুখীন হবে। সবজি সহ কাঁচামালের দাম কমতে থাকবে যা কৃষিতে ভয়ানক ক্ষতি বয়ে আনতে পারে।